



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে উইন্টার কার্নিভালে বক্তব্য রাখছেন মেয়র ডা. শাহাদাত হোসেন

উইন্টার কার্নিভালে মেয়র প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিক্ষার সুন্দর পরিবেশ বজায় রাখতে হবে

চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন ২০২৪ সালের জুলাই-আগস্টের বৈষম্যবিরোধী আন্দোলনে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রী ও শহীদদের স্মরণ করে বলেছেন, শুধু ২০২৪ সালের জুলাই-আগস্ট নয়, আজকের এই দেশ যে-ভিত্তির উপর দাঁড়িয়ে আছে, ৫২-র ভাষা আন্দোলন, ৭১-এর মুক্তিযুদ্ধ ও ৯০-এর স্বৈরাচার বিরোধী আন্দোলন প্রতিটি জায়গায় ছাত্রছাত্রীদের ভূমিকা রয়েছে। তিনি উল্লেখ করেন, সাড়ে তিন বছর আগে যখন আমি নির্বাচন করি, জোর করে যখন আমাকে হারিয়ে দেওয়া হয়। বৈষম্যবিরোধী আন্দোলনে অংশগ্রহণকারীদের আন্দোলনের ফলশ্রুতিতে যে-নতুন বাংলাদেশ হয়েছে, সেখানে এই রায়ের মাধ্যমে আমি মনে করেছি বিচার বিভাগের স্বাধীনতা ফিরে এসেছে, আইনের শাসন ফিরে এসেছে, যেটার জন্য আমরা লড়াই করছিলাম অনেক বছর ধরে। আমরা মানুষের মৌলিক অধিকার, গণতান্ত্রিক অধিকার রক্ষার জন্য সংগ্রাম করেছি। এই লড়াই এখনও চলেছে একটি বৈধ নির্বাচন না হওয়া পর্যন্ত। কাজেই ভোটার অধিকার প্রতিষ্ঠা করার দায়িত্ব দেশের ১৭ কোটি মানুষের। তাদের সংগ্রাম করতে হবে।

তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগ, স্থাপত্য বিভাগ, গণিত বিভাগ ও ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত উইন্টার কার্নিভাল এন্ড পৌষ পার্বণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। গত বুধবার, অনুষ্ঠানে তিনি বলেন, ২০০১-২০১৬ পর্যন্ত প্রিমিয়ার ইউনিভার্সিটি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অধিনেই ছিল। সিটি কর্পোরেশনের বৈধ সম্পত্তি প্রিমিয়ার ইউনিভার্সিটি। ছাত্র-ছাত্রীদের যে-আন্দোলন হয়েছে, তার ফলশ্রুতিতে আজকে আমরা সেটা পেয়েছি। প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিক্ষার সুন্দর পরিবেশ বজায় রাখার জন্য শিক্ষার্থীদের আহ্বান জানান। ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষার্থী মুস্তিকা দাশগুপ্তা ও শাহরিয়ার আবরার এবং গণিত বিভাগের শিক্ষার্থী শোয়েব হাসান মুরাদের সম্মেলনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, উৎসবের পৃষ্ঠপোষক রেজাউল করিম রণি এবং চট্টগ্রাম মেট্রোপলিটন সাংবাদিক ইউনিয়নের সিনিয়র সদস্য মো. আমিনুল ইসলাম। বিশেষ অতিথির বক্তব্যে মোহাম্মদ ইফতেখার মনির বলেন, কয়েকটি বিভাগের একত্র হয়ে একটি অনুষ্ঠান করার মধ্যে চ্যালেঞ্জ থাকে, ফলে ভিন্নমাত্রা থাকে। এই অনুষ্ঠানেও ভিন্নমাত্রা রয়েছে। চারটি বিভাগের ছাত্র-ছাত্রীরা সুনিপুণভাবে এই উৎসবটি সম্পন্ন করেছে। অনুষ্ঠানে অর্ধ শতাধিক পিঠার স্টল ছিল। স্টলগুলোতে বহু রকমের পিঠা ও খাবারের প্রদর্শনী ছিল। কোনো কোনো স্টলে পিঠা ও খাবারের পাশাপাশি কাপড় ও গহনা প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্যবসায় শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, সিএসই বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ, সহকারী প্রক্টরবৃন্দ, চকবাজার থানার অফিসার ইনচার্জ মো. জাহেদুল কবির। উপস্থিত ছিলেন ব্যবসায় প্রশাসন বিভাগ, স্থাপত্য বিভাগ, গণিত বিভাগ ও ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা। প্রেস বিজ্ঞপ্তি।



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে উইন্টার কার্নিভালে চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন প্রধান অতিথির বক্তব্য রাখছেন

উইন্টার কার্নিভালে চসিক মেয়র

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে হবে

সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, শুধু ২০২৪ সালের জুলাই-আগস্টে নয়, আজকের এই বাংলাদেশ যে ভিত্তির উপর দাঁড়িয়ে আছে, ৫২-র ভাষা আন্দোলন, ৭১ এর মুক্তিযুদ্ধ ও ৯০ এর স্বৈরাচার বিরোধী আন্দোলন প্রতিটি জায়গায় ছাত্র-ছাত্রীদের ভূমিকা রয়েছে। আন্দোলনের ফলশ্রুতিতে যে নতুন বাংলাদেশ হয়েছে, সেখানে আমার এই রায়ের মাধ্যমে আমি মনে করেছি বিচার বিভাগের স্বাধীনতা ফিরে এসেছে, আইনের শাসন ফিরে এসেছে, যেটার জন্য আমরা লড়াই করছিলাম অনেক বছর ধরে। আমরা এখনও নিশ্চিত করতে পারিনি মানুষের গণতান্ত্রিক অধিকার, আইনের শাসন, বিচার বিভাগের অধিকার, কথাবলার স্বাধীনতা, ভোটের অধিকার। এই লড়াই এখনও চলছে একটি বৈধ নির্বাচন না হওয়া পর্যন্ত। প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগ, স্থাপত্য বিভাগ, গণিত বিভাগ ও ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত উইন্টার কার্নিভাল এন্ড পৌষ পার্বণ-২০২৫ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ডা. শাহাদাত হোসেন এসব কথা বলেন। গতকাল (১৫ জানুয়ারি) বুধবার অনুষ্ঠিত এই অনুষ্ঠানে তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিক্ষার সুন্দর পরিবেশ বজায় রাখার জন্য শিক্ষার্থীদের আহ্বান জানান। ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষার্থী মুক্তিকা দাশগুপ্তা ও শাহরিয়ার আবরার এবং গণিত বিভাগের শিক্ষার্থী শোয়েব হাসান মুরাদের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, সুপ্রিম কোর্টের এডভোকেট ও উৎসবের পৃষ্ঠপোষক রেজাউল করিম রণি এবং উৎসবের পৃষ্ঠপোষক মো. আমিনুল ইসলাম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্যবসায় শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, সিএসই বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল, আইন বিভাগের চেয়ারম্যান জনাব তানজিনা আলম চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ, সহকারী প্রক্টরবন্দ, চকবাজার থানার অফিসার ইনচার্জ মো. জাহেদুল কবির। আরও উপস্থিত ছিলেন ব্যবসায় প্রশাসন বিভাগ, স্থাপত্য বিভাগ, গণিত বিভাগ ও ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা।-বিজ্ঞপ্তি



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে উইন্টার কার্নিভালে বক্তব্য দেন চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিক্ষার পরিবেশ বজায় রাখতে হবে : চসিক মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিক্ষার সুন্দর পরিবেশ বজায় রাখার জন্য শিক্ষার্থীদের আহ্বান জানিয়েছেন।

১৫ জানুয়ারি সকাল ১১টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগ, স্থাপত্য বিভাগ, গণিত বিভাগ ও ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত উইন্টার কার্নিভাল এন্ড পৌষ পার্বণ-২০২৫ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ডা. শাহাদাত হোসেন আরও বলেন, ২০০১-২০১৬ পর্যন্ত প্রিমিয়ার ইউনিভার্সিটি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অধিনেই ছিল। কিন্তু দুর্ভাগ্যবশত ২০১৬ সালের পরে রাজনৈতিক বিভিন্ন কারণে এটি সিটি কর্পোরেশন থেকে ব্যক্তিগত সম্পত্তিতে পরিণত হয়েছে। এটা অবশ্যই জনগণের সম্পত্তি। সিটি কর্পোরেশনের আমি আজকে মেয়র হয়েছি। আগামীতে জনগণ আমাকে ভোট না দিলে আমি মেয়র নাও থাকতে পারি, আরেকজন মেয়র থাকবে। কিন্তু সম্পত্তিটা অবশ্যই সিটি কর্পোরেশনের থাকবে। এটা আমার ব্যক্তিগত সম্পত্তি কখনো হতে পারে না। সিটি কর্পোরেশনের বৈধ সম্পত্তি প্রিমিয়ার ইউনিভার্সিটি। ছাত্র-ছাত্রীদের যে-আন্দোলন হয়েছে, তার ফলশ্রুতিতে আজকে আমরা সেটা পেয়েছি। প্রিমিয়ার ইউনিভার্সিটির যারা এই আন্দোলনে শরিক ছিল, তাদেরকে আমি আন্তরিকভাবে অভিনন্দন ও শুভেচ্ছা জানাচ্ছি। তাদের জন্য আমার সহযোগিতা অব্যাহত থাকবে।

ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষার্থী মুক্তিকা দাশগুপ্তা ও শাহরিয়ার আবরার এবং গণিত বিভাগের শিক্ষার্থী শোয়েব হাসান মুরাদের সম্মেলনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, বাংলাদেশ সুপ্রিম কোর্টের এডভোকেট ও উৎসবের পৃষ্ঠপোষক রেজাউল করিম রণি এবং চট্টগ্রাম মেট্রোপলিটন সাংবাদিক ইউনিয়নের সিনিয়র সদস্য ও উৎসবের পৃষ্ঠপোষক মো. আমিনুল ইসলাম।

অনুষ্ঠানে অর্ধশতাধিক পিঠার স্টল ছিল। স্টলগুলোতে বহু রকমের পিঠা ও খাবারের প্রদর্শনী ছিল। কোনো কোনো স্টলে পিঠা ও খাবারের পাশাপাশি কাপড় ও গহনা প্রদর্শন করা হয়। উপস্থিত ছিলেন ব্যবসায় শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, সিএসই বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ, সহকারী প্রক্টরবৃন্দ, চকবাজার থানার অফিসার ইনচার্জ মো. জাহেদুল কবির। আরও উপস্থিত ছিলেন ব্যবসায় প্রশাসন বিভাগ, স্থাপত্য বিভাগ, গণিত বিভাগ ও ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা। বিজ্ঞপ্তি



স্বাধীনতা সঙ্গীতের প্রথম সংস্করণ

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprabhat.com | cs.suprabhat.com | facebook.com/s.suprabhat




চকরিয়া উপজেলায় সর্বাধিক খান উৎপাদনের রেকর্ড



সঠিক সার্ভিস দিলেই ব্যবসা হবে আর ব্যবসাকে সার্ভিস দেব আমরা



উইজডেনের বর্ষসেরা স্কোয়াডে তাসকিন



এইচএমপি ডাইরাস : আতঙ্ক নয়, সতর্ক থাকুন
সম্প্রতি উত্তর চীন, বিশেষ করে হেইলিঙ্গের মধ্যে
এইচএমপি ডাইরাসের বৃদ্ধি দেখেছে এবং এ বিষয়ে সচেতন
করে চীনের সেন্টার ফর ডিসিজি কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন ...
বিস্তারিত • পৃষ্ঠা : ২

প্রিমিয়ার ইউনিভার্সিটি চসিকের বৈধ সম্পত্তি হিসেবেই থাকবে: মেয়র

সুপ্রভাত ডেস্ক »

প্রিমিয়ার ইউনিভার্সিটি সিটি করপোরেশনের বৈধ সম্পত্তি হিসেবেই থাকবে বলে জানিয়েছেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। গতকাল বুধবার দুপুরে প্রিমিয়ার ইউনিভার্সিটি ক্যাম্পাসে আয়োজিত উইন্টার কার্নিভাল ও পৌষপার্বণ অনুষ্ঠানে মেয়র একথা বলেন। প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন, স্থাপত্য, গণিত ও ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের যৌথ উদ্যোগে এ অনুষ্ঠান হয়। খবর সারাবাংলার। প্রধান অতিথির বক্তব্যে মেয়র শাহাদাত হোসেন বলেন, ‘২০০১ থেকে ২০১৬ সাল পর্যন্ত প্রিমিয়ার ইউনিভার্সিটি ▶ ৭ম পৃষ্ঠার ২য় কলাম



প্রিমিয়ার ইউনিভার্সিটির উইন্টার কার্নিভাল অনুষ্ঠানে বক্তব্য রাখছেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন

প্রিমিয়ার ইউনিভার্সিটি চসিকের

► শেষ পৃষ্ঠার পর

চট্টগ্রাম সিটি করপোরেশনের অধীনেই ছিল। কিন্তু দুর্ভাগ্যবশত ২০১৬ সালের পরে রাজনৈতিক বিভিন্ন কারণে এটি সিটি করপোরেশন থেকে ব্যক্তিগত সম্পত্তিতে পরিণত হয়েছিল। আমি বলতে চাই, এটি অবশ্যই জনগণের সম্পত্তি।

তিনি বলেন, 'সিটি করপোরেশনে আজ আমি মেয়র হয়েছি। আগামীতে জনগণ আমাকে ভোট না দিলে আমি মেয়র না-ও থাকতে পারি, আরেকজন মেয়র থাকবে। কিন্তু সম্পত্তিটা অবশ্যই সিটি করপোরেশনের থাকবে। এটা আমার ব্যক্তিগত সম্পত্তি কখনোই হতে পারে না। সিটি করপোরেশনের বৈধ সম্পত্তি প্রিমিয়ার ইউনিভার্সিটি। ছাত্র-ছাত্রীদের আন্দোলনের ফলশ্রুতিতে আজ সিটি করপোরেশন প্রিমিয়ার ইউনিভার্সিটি ফেরত পেয়েছে। আন্দোলনে যারা শরিক ছিল, তাদের আমি অভিনন্দন জানাই।'

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিক্ষার সুন্দর পরিবেশ বজায় রাখার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান সিটি মেয়র।

ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষার্থী মৃন্তিকা দাশগুপ্তা ও শাহরিয়ার আবরার এবং গণিত বিভাগের শিক্ষার্থী শোয়েব হাসান মুরাদের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য দেন- প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, সুপ্রিম কোর্টের আইনজীবী রেজাউল করিম রণি এবং চট্টগ্রাম মেট্রোপলিটন সাংবাদিক ইউনিয়নের সদস্য মো. আমিনুল ইসলাম।